

এই সময়

সংখ্যা ১০৩

বৃহস্পতিবার ২১ নভেম্বর ২০১৩

হাটু প্রতিস্থাপনের দিনেই চলাফেরা

এই সময়: হাটু প্রতিস্থাপনের ছ' ঘণ্টা পরই রীতিমতো হাটতে শুরু করলেন রোগী। কল্পনা নয়। বাস্তবেই এমন অভিনব অস্ত্রোপচার সম্ভব হল খাস কলকাতায়। সেই রোগীকে বুধবার সংবাদমাধ্যমের সামনে এনে হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, পূর্ব ভারতে এমন অস্ত্রোপচারের নজির এই প্রথম। চিকিৎসকরা জানাচ্ছেন, দু' দিন পর তাঁকে ছেড়েও দেওয়া হবে হাসপাতাল থেকে। সৌজন্যে, 'মিনিমালি ইনভেসিভ কম্পিউটার অ্যাসিস্টেড নি ট্রান্সপ্লান্ট'। সহজ বাংলায়, কম্পিউটারের সাহায্যে নামমাত্র কাটাছেঁড়া করে অপারেশন।

এ দিন বেলভিউ ক্লিনিকে দুই রোগীর এমনই অস্ত্রোপচারের সাহায্যে হাটু প্রতিস্থাপন করা হয়। সকালে যাঁর অপারেশন হয়েছিল, তিনি বিকেলেই হাটাচলা শুরু করেন। বিকেলে যাঁর প্রতিস্থাপন হয়, তিনি আজ, বৃহস্পতিবার সকাল থেকে হাটতে পারবেন বলে দাবি বিশেষজ্ঞ ট্রান্সপ্লান্ট সার্জেন সন্তোষ কুমারের। তিনি বলেন, কৃত্রিম হাটুটি মালাইচাকির পিছনে বসানোর সময়ে, 'অর্থো-পাইলট' নামে একটি কম্পিউটারের সাহায্য নিয়ে খুব অল্প কাটাছেঁড়া করা হয়। ফলে, এই অস্ত্রোপচারে দ্রুত সেরে ওঠেন রোগী। অপারেশনের তিন-চার দিনের মধ্যে স্বচ্ছন্দে বাড়ি চলে যেতে পারেন। প্রচলিত প্রথায় তিন দিনের আগে হাটাই সম্ভব হয় না। নতুন পদ্ধতির এই অস্ত্রোপচারের খরচ একই বলে জানিয়েছেন বেলভিউ কর্তৃপক্ষ।